মুজিবনগরে ভারতীয় পেঁয়াজের বীজসহ পালাতক চোরাকারবারী আটক

মুজিবনগরে ২১ কেজি ভারতীয় পেঁয়াজের বীজ সহ জাকির হোসেন নামের এক পালাতক চোরাকারবারীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

আজ রবিবার দুপুরে আটক হওয়া পেঁয়াজের বীজ থানায় নিতে আসলে তাকে আটক করা হয়। আটকৃত জাকির হোসেন মুজিবনগর উপজেলার আনন্দ বাস গ্রামের সাপুরের ছেলে।

এর আগে গোপন সংবাদের ভিত্তিতে গৌরীনগর গ্রামে ভারতীয় পেঁয়াজের বীজ আটক করতে গেলে বীজ ফেলে রেখে চোরা কারবারীরা পালিয়ে যাওয়ার সময় তাদের চিহ্নিতকরণ করে আনন্দবাস গ্রামের জাকির হোসেন ও সোনাপুর গ্রামের জাহাঙ্গীর হোসেন সহ অজ্ঞাতনামা দুই-তিনজনকে আসামি করে একটি এজাহার দায়ের করা হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, গতকাল শনিবার দিবাগত রাত ১ টা ৩০ মি: দিকে ৪ থেকে ৫ জন ব্যক্তি চোরাচালানের মাধ্যমে বিপুল পরিমাণ ভারতীয় পেঁয়াজের বীজ নিয়ে গৌরিনগর গ্রামের খালের ধার দিয়ে গৌরিনগর গ্রামের দিকে যাচ্ছে। এমন গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার এসআই আব্দুর রাজ্জাকের নেতৃত্বে সঙ্গীয় ফোর্স অভিযান পরিচালনা করে। পুলিশের উপস্থিতি টের পেয়ে চোরা কারবারীরা পেঁয়াজের বীজ ফেলে রেখে পালিয়ে যাওয়ার সময় তাদের চিহ্নিত করে পুলিশ।

পরে থানায় এসে উল্লেখ দুইজনসহ ৩/৪ জনকে অজ্ঞাত আসামী করে একটি মামলা দায়ের করা হয়। এদিকে রবিবার দুপুরে এদের মধ্যে জাকির নামের ওই ব্যক্তি থানায় বীজ নিতে আসলে তাকে আটক করা হয়।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান ঘটনার সতত্যা নিশ্চিত করেন।

মেহেরপুর জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার(১০ নভেম্বর) সকাল দশটার সময় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা আয়োজন করা হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজের সভাপতিত্বে জেলা আইন শৃঙ্খলা কমিটির সভায় বক্তব্য রাখেন পুলিশ সুপার মাকসুদা আকতার খানম, সিভিল সার্জন ডা. মহী উদ্দীন আহমেদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রনি আলম নুর, এন এস আই’র ডিডি মিজানুর রহমান, মেহেরপুর জেলা কমান্ড্যান্ট সাজ্জাদ মাহমুদ, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম ,গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রতীম কুমার সাহা, সদর উপজেলার (ভারপ্রাপ্ত) উপজেলা নির্বাহী কর্মকর্তা গাজী মূয়ীদুর রহমান, জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দীন, জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আশাদুল ইসলাম, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নীলা হাফিয়া।

এছাড়াও উপস্থিত ছিলেন জেলা ইসলামী ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীর, জেলা সমবায় কর্মকর্তা প্রভাষচন্দ্র বালা, জেলা মৎস্য কর্মকর্তা রোকনুজ্জামান, মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাশেম প্রমুখ।

মেহেরপুরে হাসপাতালের সামনে অব্যবস্থাপনা, রোগীদের দুর্ভোগ

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের গেটে ও ক্যাম্পাসের সামনে অবৈধ অটো রিকশা, রাস্তার পাশে নানা ধরনের খাবার ও বাচ্চাদের খেলনার দোকান গড়ে ওঠার কারণে মেলায় পরিণত

আশপাশের রাস্তা পরিষ্কার করার দাবি জানাচ্ছেন সাধারণ জনগণ।

গাংনীর পৃথক তিনটি স্থানে পথ নাটক “আহবান” মঞ্চস্থ

রাষ্ট্রের প্রতি নাগরিকদের দায়িত্ব ও কর্তব্য এবং অধিকার বিষয়ক সচেতনতা সৃষ্টিতে গাংনীর পৃথক তিনটি স্থানে পথ নাটক “আহবান” মঞ্চস্থ করা হয়েছে।

গতকাল শনিবার (৯ নভেম্বর) সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত গাংনী উপজেলার কাথুলি ইউনিয়নের গাঁড়াবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ, কাজিপুর ইউনিয়নের কাজিপুর খন্দকারপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ ও ষোলটাকা ইউনিয়নের বানিয়াপুকুর গ্রামে এই পথ নাটক মঞ্চস্থ করা হয়।

দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের সহযোগীতায় পিস ফ্যাসিলেলেটর গ্রুপ (পিএফজি) স্থানীয় কমিটি এই পথ নাটকের আয়োজন করে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নাট্য দল “সুন্দরবন থিয়েটারের” পরিবেশনায় নাট্য নির্দেশক রাহুল প্রসাদ দাশের নির্দেশনায় পথ নাটক আহবানে অভিনয় করেন, মেরাজুল ইসলাম হৃদয়, ফারজানা উর্মি, সুশান্ত বৈরাগী, হিরা বিশ্বাস, শিউলি মন্ডল ও মাসুম খান শুভ।

এসময় উপস্থিত ছিলেন, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী এরিয়া সমন্বয়কারী হেলাল উদ্দীন, কাথুলি ইউনিয়ন সমন্বয়কারী আবুল বাশার, কাজিপুর ইউনিয়ন সমন্বয়কারী রোকনুজ্জামান, ষোলটাকা ইউনিয়ন সমন্বয়কারী আসাদুজ্জামান আসাদ। পথ নাটক শেষে দর্শকদের জন্য কুইজ প্রতিযোগীতার আয়োজন ছিল। এদের মধ্যে থেকে প্রতিটি স্থানে তিনজনকে পুরুস্কার প্রদান করা হয়।

এসময় উপস্থিত ছিলেন পিএফজি সদস্য সাংবাদিক জুলফিকার আলী কানন, কাথুলি ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরামের সভাপতি ও ইউনিয়ন পরিষদের সাবেক নারী সদস্য ভাবিরন নেছা, কাজিপুর পিএফজির সদস্য আফরোজা

আক্তার বানু, কাজিপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরামের সভাপতি শাহআলম শাহাব, স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল হাদী, কাজিপুর মাথাভাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের শিক্ষক তানজুমান হক, ষোলটাকার বানিয়াপুকুরে অনুষ্ঠিত মঞ্চে উপস্থিত ছিলেন, এফজি সমন্বয়ক রফিকুল ইসলাম বকুল, গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি শহিদুল ইসলাম, ষোলটাকা ইউনিয়ন ভিডিটির সভাপতি নারী নেত্রী আম্বিয়া খাতুন। পথ নাটকে এলাকার শত শত নারী পুরুষ উপস্থিত ছিলেন।

জামায়াত ন্যায় ও ইনসাফ ভিত্তিক একটি কল্যাণকর রাষ্ট্র প্রতিষ্ঠা করতে চাই

মেহেরপুর জেলা জামায়াতের আমীর মাওলানা তাজউদ্দীন খান বলেন, বাংলাদেশ জামায়াত ইসলামী চাই, ন্যায় ও ইনসাফ ভিত্তিক একটি কল্যাণকর রাষ্ট্র প্রতিষ্ঠা করতে। বৈষম্যহীন সমাজ ব্যবস্থা গড়তে ও এদেশের পরিবর্তনের জন্য আরও ত্যাগ করার প্রয়োজন হলেও জামায়াত সেই ত্যাগ করবো। এদেশের পরিবর্তন আনতে জামায়াতের সকল নেতাকর্মীদের মাঠে নামতে হবে।

গতকাল শনিবার (৯ নভেম্বর) বিকালে বাংলাদেশ জামায়াতে ইসলামী গাংনী উপজেলা বামুন্দী ইউনিয়নের উদ্যোগে আয়োজিত এক কর্মী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বামন্দী ইউনিয়ন জামায়তের আমীর মাওলানা মোঃ আবুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মী সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য রাখেন কেন্দ্রীয় শিক্ষক ফেডারেশনের সহকারী সেক্রেটারি অধ্যাপক রবিউল ইসলাম।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা জামায়াতের সেক্রেটারি মোঃ ইকবাল হোসেন, গাংনী উপজেলা জামায়াতের আমীর ডাঃ মোঃ রবিউল ইসলাম, জেলা জামাায়াতের কর্মপরিষদ সদস্য, সাবেক উপজেলা চেয়ারম্যান নাজমুল হুদা, জেলা মসজিদ মিশনের সভাপতি মাওলানা আব্দুল মজিদ, গাংনী উপজেলা জামায়াতের নায়েবে আমীর

বই নিয়ে আমরা মাঠে খোঁজ নিয়ে দেখেছি রাজাকারদের ৮০ ভাগ লোক আওয়ামীলীগ দলের নেতাকর্মী। বাকীরা অন্যদল করে আর জামায়াত ইসলাম দল করে মাত্র দুইটি পরিবার। এই অপবাদ ছিল জামায়াতের জন্য। ২০২৪ সালের ছাত্র জনতা এই কথাটা গর্বের সাথে গ্রহণ করেছে। রাজাকর শব্দটি যদি দিতে হয় এদেশের ১৮ কোটি জনতার সাথে আমরা নিজেদের রাজাকার দাবী করছি। এতদিন যে অপবাদ জামায়াতের উপর চাপিয়ে দেওয়া হয়েছে ২০২৪ সালে সেটাই মানুষের কাছে গর্বের বিষয় হয়ে দাঁড়িয়েছিল।

মেহেরপুর আদালতে আজ তোলা হতে পারে সাবেক মন্ত্রী ফরহাদকে?

মেহেরপুরে দায়ের করা হত্যা মামলায় আজ রবিবার আদালতে তোলা হতে পারে সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনকে। কয়েকদিন ধরে এ গুঞ্জন চলছে। তবে বিষয়টি নিয়ে কোন কর্তৃপক্ষই নিশ্চিত করেনি।

মেহেরপুর জেলা কারাগার, জেলা প্রশাসন, পুলিশ প্রশাসনের কেউই নিশ্চিত করেনি বিষয়টি। মেহেরপুর প্রতিদিন থেকে সংশ্লিষ্ট কার্যালয়গুলোতে যোগাযোগ করা হলে প্রতিবারই তারা কিছু জানেন না বলে জানিয়েছেন।

মেহেরপুর সদর থানার ওসি আমানুল্লাহ আল বারী মেহেরপুর প্রতিদিনকে বলেন, বিষয়টি কোর্ট পুলিশ বলতে পারবে । এটি থানার বিষয় না। অপরদিকে কোর্ট পুলিশ পরিদর্শক বলেন, এটি জেল খানার বিষয়। তবে জেলা কারাগার কর্তৃপক্ষের কাছেও গতকাল রাত পর্যন্ত কোন বার্তা আসেনি।

আরও পড়ুন মেহেরপুরে পুলিশের অভিযানে আন্ত:জেলা ডাকাত দলের তিন সদস্য গ্রেফতার

তবে ঘটনাটি পরিস্কার হওয়ার জন্য আজ রবিবার মেহেরপুর আদালতে চোখ রাখতে হবে।

কিন্তু, একটি নির্ভরযোগ্য সূত্র নিশ্চিত করেছে ঢাকা কেন্দ্রীয়

কারাগার থেকে মেহেরপুরের উদ্দেশ্যে রওয়ানা দিয়েছে পুলিশের একটি টিম। তবে, এলাকায় যাতে উত্তেজনাকর কোন পরিস্থিতি সৃষ্টি না হয় সেকারণে এ তথ্য গোপন করা হচ্ছে বলে ধারণা করা হচ্ছে।

সরকার পতনের পর সাবেক জনপ্রশাসন মন্ত্রী এবং মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য ফরহাদ হোসেনকে গত ১৪ সেপ্টেম্বর রাতে ঢাকার ইস্কাটন এলাকা থেকে গ্রেপ্তার করে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন-র্যাব।

৫ অগাস্ট সরকার পতনের পর সাবেক এই মন্ত্রীর বিরুদ্ধে মেহেরপুর থানায় তিনটি এবং ঢাকার আদাবর থানায় একটি হত্যা মামলা হয়েছে।

ফরহাদ হোসেন দ্বাদশ সংসদ নির্বাচনের পর গঠিত শেখ হাসিনার মন্ত্রিসভায় পূর্ণ মন্ত্রীর দায়িত্ব পান। এর আগের সরকারে একই মন্ত্রণালয়ে প্রতিমন্ত্রী ছিলেন তিনি।

আরও পড়ুন ৫২ টি মোটরসাইকেল চালককে ১ লক্ষ ৪৯ হাজার টাকা জরিমানা

আওয়ামী লীগের মনোনয়ন নিয়ে মেহেরপুর-১ আসন থেকে তিনবার সংসদ সদস্য হয়েছিলেন তিনি। তিনি মেহেরপুর জেলা আওয়ামী লীগের বর্তমান কমিটির সভাপতি। ২০১৪ সালে এক তরফা নির্বাচনে তিনি এমপি নির্বাচিত হওয়ার পর ২০১৫ সালে অনুষ্ঠিত জেলা আওয়ামী লীগের সম্মেলনের মাধ্যমে সভাপতি নির্বাচিত হন।

গণ আন্দোলনের মুখে ৫ অগাস্ট দেশে ছেড়ে ভারতে চলে যান শেখ হাসিনা। তিন দিন পর গঠন করা হয় অন্তর্বর্তীকালীন সরকার। এরপর একে একে গ্রেপ্তার হতে থাকেন আওয়ামী লীগের মন্ত্রী-প্রতিমন্ত্রীসহ শীর্ষ পর্যায়ের নেতা ও প্রভাবশালী সংসদ সদস্যরা।

মেহেরপুরে জাতীয় বিপ্লব ও

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেহেরপুরে অরিন লেডিস বিউটি পার্লারের উদ্বোধন

মেহেরপুরে অরিন লেডিস বিউটি পার্লারের উদ্বোধন করা হয়েছে। আজ শনিবার (৯ নভেম্বর) সন্ধ্যার সময় শহরের কাঁশারি বাজারের পূবালী ব্যাংকের নিচে ফিতা ও কেক কেটে আনুষ্ঠানিকভাবে পার্লারের উদ্বোধন করেন অরিন লেডিস বিউটি পার্লারের পরিচালক বিউটিশিয়ান শিলা ও আলো।

উদ্বোধনী অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ড. লিনা ম্যাটসের চেয়ারম্যান ডা. মেলিনা সুলতানা।

এসময় তারা বলেন, আধুনিকতার ছোঁয়া দিতে আমাদের এই প্রতিষ্ঠানের সূচনা করা হলো। মেহেরপুরের নারী সাজে নতুন কিছু উপহার দিতেই আমাদের এই অগ্রযাত্রা। আমরা ভালো মানের পণ্যের মাধ্যমে আমাদের সেবাগ্রহিতাদের সুবিধা নিশ্চিত করব।

উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, মোছা: ইন্তিয়া, হাসিনা খাতুন, জেসমিন আক্তার, রিনা খাতুন সহ আরও অনেকে।

উল্লেখ্য, প্রতিষ্ঠানটিতে ফেসিয়াল, আইভ্রো প্লাক, বৌ-সাজানো, পার্টি মেকাপ, মেনিকিউর, পেডিকিউর, হেয়ার কার্টিং, রি-বন্ডিং, হেয়ার স্পাসহ সৌন্দর্য চর্চা করার সকল ব্যবস্থা রয়েছে।

মেহেরপুরে সংবর্ধনা ও নজরুল স্মরণ অনুষ্ঠান

করমদি ডিগ্রি কলেজের অধ্যক্ষ এমদাদুল হক পিএইচ ডি ডিগ্রি অর্জন উপলক্ষ্যে মেহেরপুরে সংবর্ধনা ও নজরুল স্মরণ অনুষ্ঠানে আয়োজন করা হয়েছে।

মেহেরপুর জেলা নজরুল একাডেমির আয়োজনে আজ শনিবার (৯ নভেম্বর)

বিকেল ৩ টার দিকে শহরের কবি নজরুল শিক্ষা মঞ্জিলে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যক্ষ এমদাদুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা নজরুল একাডেমির সহ-সভাপতি শহিদুল ইসলাম।

এছাড়াও এসময় জেলা নজরুল একাডেমির সাধারণ সম্পাদক আনিসুর রহমান মাস্টার, কবি নজরুল শিক্ষা মঞ্জিলের সহকারী শিক্ষক এনামুল হক, কার্পাসডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক মোঃ লিয়াকত আলী, অবসরপ্রাপ্ত সেনাবাহিনী সার্জেন্ট সাইফুল ইসলাম, চুয়াডাঙ্গা সরকারি কলেজ অবসরপ্রাপ্ত সহকারী অধ্যাপক আব্দুল মজিদ, অক্সফোর্ড কিন্ডার গার্ডেন স্কুলের সহকারী শিক্ষিকা নাহিদা রহমান, উপ পরিদর্শক মীর মফিজুর রহমান, সাবেক সাব ইন্সপেক্টর নূর মোহাম্মদ, মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় মোঃ নাসির উদ্দিন প্রমুখ উপস্থিত ছিলেন।

শিশুদের হাসির পেছনে মেহেরপুরের “ভাবনা” সংগঠন

মেহেরপুর ভাবনা সংগঠন সব সময় ব্যাতিক্রমী কিছু করার চেষ্টা করে। সেই ধারাবাহিকতা এবার সংগঠনটি মেহেরপুরের অসহায় শিশুদের নিয়ে আয়োজন করে “আনন্দের আহার”।

আজ শনিবার (৯ নভেম্বর) শহরের সেভেন সিন্স রেস্টুরেন্টে শিশুদের নিয়ে সংগঠনের কর্মীরা এই আয়োজন করেন।

সামর্থ্য না থাকায় যে সকল শিশু রেস্টুরেন্টে খেতে যেতে পারে না। টিভিতে কিংবা সামর্থ্যবান বন্ধুর কাছে গল্প শুনেছে পিৎজা, বার্গার, চিকেনসহ মুখরোচক খাবারের। রেস্টুরেন্টে বসে খাওয়ার ইচ্ছা থাকলেও সামর্থ্যর কাছে হার মেনে মন খারাপ করে থাকে অনেক শিশু। এসকল শিশুদের কথা চিন্তা করে ভাবনা নামের সংগঠনটি সুবিধাবঞ্চিত শিশুদের রেস্টুরেন্টে খাওয়ানোর সুযোগ করে দেয়।

সংগঠনের যুগ্ম সাধারণ সম্পাদক শাওন শেখের নেতৃতে সংগঠনের নেতৃবৃন্দে সহযোগীতায় ৩০ জন শিশুকে দুপুরের আহার করানো হয়।

আনন্দের আহারে এসে শিশু রিফাত জানায় সে ক্লাস টুতে পড়ে, তার বাবা একজন রিক্সাচালক, দিন আনে দিন খায়। তার বন্ধু নিলয় তার বাবার সাথে রেস্টুরেন্টে বসে চিকেন ও বার্গার খেয়েছিল সেই গল্প রিফাতকে শোনায়। রিফার তার বাবার কাছে রেস্টুরেন্টে খাওয়ার আবাদার জানালে তার বাবা তাকে অভাবের কথা শোনায়। রিফাত রেস্টুরেন্টে খেয়ে না যেতে পারায় তার অনেক মন খারাপ হয়। তবে আজ সে রেস্টুরেন্টে পিৎজা, বার্গার চিকেন ও অনেকে মুখরোচক খাবার খেয়ে অনেক আনন্দিত।

সংগঠনের সদস্যগণ বলেন, মেহেরপুর ভাবনা সংগঠনটি বিভিন্ন সময় সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা উন্নয়ন ও মানষিক বিকাশে কাজ করে আসছে। এছাড়াও সামাজিক বিভিন্ন কার্যক্রম করে থাকেন। সেই ধারাবাহিকতায় আজ বিভিন্ন এলাকা থেকে ৩০ জন শিশুকে নিয়ে তাদেরকে একবেলা আহারের ব্যবস্থা করেন।

এসময় সাংগঠনিক সম্পাদক আরিফুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক রাসেল আহমেদ, দপ্তর সম্পাদক সাদাত আসসামি, সদস্য কোহেলী খাতুন, বাছেরা খাতুন, অনিকা, সিয়াম, নাজমুল, উদয়, রলিপ, তুষারসহ অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।